যুগান্তর

তারিখ . 22 NOV 2016 ......
পৃষ্ঠা ... 2 ... কলাম .... ৪ ......

# ডোমারে পিইসি পরীক্ষা কেন্দ্রে শিক্ষার্থীকে চেয়ারম্যানের মারধর

**ডোমার (নীলফামারী) প্রতিনিধি**

নীলফামারীর ডোমারে পিইসি পরীক্ষা কেন্দ্রেই এক পরীক্ষার্থীকে মারধরসহ হুমকি দিয়েছেন সোনারায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ। এ ঘটনার পর থেকে ছাত্রটি অজানা আতংকে ভুগছেন।

উপজেলার ফার্মেরহাট সরকারি প্রাথমিক বিদ্যালয় পরীক্ষা কেন্দ্রে মারধরের শিকার ছাত্র জামিরবাড়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষার্থী সামিউল হক। সে বড়গাছা বানিয়াপাড়া গ্রামের শফিকুল ইসলামের ছেলে। সামিউল জানায়, রোববার পিইসি পরীক্ষা চলাকালীন ওই চেয়ারম্যান পরীক্ষা কেন্দ্র (পরিদর্শনে) আসেন। তিনি আমার কাছে জানতে চান পেছনের ছাত্রটির লেখা দেখে লিখছি কিনা। আমি না জবাব দেয়ার পরও চেয়ারম্যান আমাকে শিক্ষা কর্মকর্তাসহ অপর শিক্ষকদের উপস্থিতিতে মারধর করে ও নানাভাবে ভয়ভীতি এবং হুমকি দেন। এরপর থেকে আমার ভয় লাগছে।

চেয়ারম্যান আবুল কালাম আজাদ অভিযোগ অস্বীকার করেন। ডোমার উপজেলা সহকারী প্রাথমিক শিক্ষা কর্মকর্তা সোহেল শাহাজাদা জানান, তারা জনপ্রতিনিধি, আমরা কীভাবে তাদের নিষেধ করব। আমি এ সময় পাশের রুমে ছিলাম। পরে শুনেছি চেয়ারম্যান ইয়ারকি করে সামিউলের পিঠে থাপ্পড় মেরেছে।